দৈনিক ইত্তেফাক 50

18 MAR 1990

তারিখ 1 MAR 1990
পৃষ্ঠা 2 কলাম 6

# ভার্সিটি খোলার আগে নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ আবশ্যক — ভিসি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি সম্পর্কে ভিসি প্রফেসর আবদুল মান্নান গতকাল (শনিবার) এক বিবৃতিতে বলিয়াছেন, উচ্চ শিক্ষা তথা জাতির বৃহত্তর প্রয়োজনে ঢাকা বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ থাকিতে পারে না। তবে

( ২য় পৃঃ দ্রঃ )

## ভিসির

( ১ম পৃষ্ঠার পর )

বিশ্ববিদ্যালয় খোলার পর পুনরায় যাহাতে মূল্যবান জীবন হানির ঘটনা আর ঘটিতে না পারে তাহার জন্য প্রয়োজনীয় ও পর্যাপ্ত নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা একান্ত আবশ্যক। বিবৃতিতে বলা হয়, সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সভায় ছাত্র-শিক্ষক কর্মচারীদের নিরাপত্তা নিশ্চিত করিয়া বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার প্রস্তাব গৃহীত হইয়াছে। সম্প্রতি প্রভোষ্ট ষ্ট্যাণ্ডিং কমিটির সভায়ও অনুরূপ অভিমত ব্যক্ত করা হইয়াছে। কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে অনুকূল পরিবেশ সৃষ্টির জন্য সম্ভাব্য সকল প্রচেষ্টা চালাইয়া যাইতেছেন। তবে বাস্তব কারণেই বিশ্ববিদ্যালয় প্রশাসনের একার পক্ষে সন্ত্রাস মোকাবেলা করা সম্ভব নয়। সরকার এবং সংশ্লিষ্ট সকলেরই এব্যাপারে দায়িত্ব রহিয়াছে।

বিবৃতিতে ভিসি বলেন, 'আমি আশা রাখি আসন্ন রমজানের ছুটির পূর্বেই সরকার সন্ত্রাসীদের আটক এবং সন্ত্রাসী তৎপরতার বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নিবেন—যাহাতে যথাশীঘ্র বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়া সম্ভব হয়।